

ইসলামী বিশ্ববিদ্যালয় সেশন জট নিরসনের জন্য নয়া পদক্ষেপ

ইসলামী বিশ্ববিদ্যালয় (কুষ্টিয়া), ২৩শে জুলাই (নিজস্ব সংবাদদাতা)।- ইসলামী বিশ্ববিদ্যালয়ের সেশনজট নিরসনে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ নয়া পদক্ষেপ গ্রহণ করেছে। গত চারটি শিক্ষা বর্ষে ইতিমধ্যে ১৮ মাস সেশনজটের সৃষ্টি হয়েছে। বিভিন্ন ছাত্র সংগঠনের মধ্যে বিভিন্ন সময়ে সন্মাসী কর্মকাণ্ড, শিক্ষক ধর্মঘট এবং নিয়মিত ক্লাস না হওয়ার কারণে সময়মত পরীক্ষা অনুষ্ঠিত না হওয়ায় সেশনজট প্রকট আকার ধারণ করেছে। সেশনজট নিরসনে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ক্যাম্পাসে রাজনৈতিক কর্মকাণ্ড স্থগিত, একাডেমিক ক্যালেন্ডার প্রকাশ, বিশ্ববিদ্যালয়ের ছুটি কমিয়ে আনাসহ প্রশাসনের স্ববিরতা কাটায়ে ওঠার সিদ্ধান্ত নিয়েছেন।

ক্যাম্পাসের সুস্থ এবং স্বাভাবিক শিক্ষার পরিবেশ নিশ্চিত করতে এবং বিদ্যমান ছাত্র সংগঠনের মধ্যে সন্মাসী কর্মকাণ্ড বন্ধ রাখতে ক্যাম্পাসে সভা সমাবেশ ও মিছিল মিটিং বন্ধ রাখার সিদ্ধান্ত নেয়া হয়েছে। গত উনিশ মাসের অভিজ্ঞতার আলোকে ইঃ বিঃ কর্তৃপক্ষ সেশনজটের প্রধান কারণ হিসেবে ছাত্রসংঘর্ষ এবং তার ফলশ্রুতিতে বিশ্ববিদ্যালয় বন্ধকে প্রধান কারণ বলে উল্লেখ করেছে। গত ৮ মাসে ক্যাম্পাসে ছাত্র সংগঠনের মধ্যে স্টুট সংঘর্ষের কারণে বিশ্ববিদ্যালয় বন্ধ ছিল না, তারপরও নিয়মিত ক্লাস না হওয়ার কারণে সেমিস্টার সিস্টেমের ছাত্রছাত্রীদের

সিডিউল টাইমে কোন পরীক্ষা হয়নি। এ বছরের প্রথম ছয় মাস ক্যাম্পাসে রাজনৈতিক কর্মকাণ্ড বন্ধ ছিল, এটাকে বৃদ্ধি করে ৩০শে-সেপ্টেম্বর করা হয়েছে। তবে জাতীয় পর্যায়ের কোন নেতা বা ছাত্রনেতার আগমনে ক্যাম্পাসে প্রোগ্রাম করার বিশেষ সুযোগ রাখা হয়েছে।

সেশনজট নিরসনে ১৯৯৩/৯৪ সেশনের ছাত্রছাত্রীদের জন্য একাডেমিক ক্যালেন্ডার ইতিমধ্যে প্রকাশ করা হয়েছে। পঞ্চাশ নম্বরের কোর্সের জন্য নির্ধারিত ৬ মাসকে কমিয়ে এনে ৫ মাসের মধ্যে পরীক্ষা ও তার ফলাফল প্রকাশের সিদ্ধান্ত নেয়া হয়েছে। নির্দিষ্ট পাঠ্যসূচী শেষ, টিউটোরিয়াল পরীক্ষার সময়সূচী এখানে ঠিক করা হয়েছে। তবে এটা কতটুকু কার্যকরী হবে তা এখনও বলা সম্ভব নয়, কারণ ১৯৯২/৯৩ সেশনে একাডেমিক ক্যালেন্ডার প্রকাশ করলেও তা বাস্তবে রূপ নিতে দেখা যায়নি।

সেশনজট নিরসনে ১৯৯২/৯৩ সেশনের জুলাই ১৯৯৩/৯৪ সেশনে ক্লাস ছুটি এবং অফিসিয়াল ছুটি কমিয়ে আনা হয়েছে। শীতকালীন, গ্রীষ্মকালীন, দুর্গাপূজা ও রমজান বাবদ ছুটি কমিয়ে আনা হয়েছে। গত সেশনে বরাদ্দকৃত ৮২ দিন ছুটি থেকে কমিয়ে এ সেশনে ৭৩ দিন করা হয়েছে। প্রশাসনের প্রশাসনিক স্ববিরতা কাটাতে গত সেশনের অফিসিয়াল ছুটি সাতদিন দিন থেকে কমিয়ে এ সেশনে চুয়াল্লিশ দিন করা হয়েছে।